# রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - রোযার বিভিন্ন আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কানের রোযা

রোযাদারের কানও রোযা রাখে; রোযা রাখে নোংরা ও অশ্লীল কথা শোনা থেকে।

রোযা রাখে অবৈধ প্রেম ও ব্যভিচারের দিকে আহবানকারী গান-বাজনা শোনা থেকে।

রোযা রাখে আল্লাহর হারামকৃত এবং যে কথা তাঁকে ক্রোধান্বিত ও অসন্তুষ্ট করে সে কথা শোনা থেকে।

মুমিনের কান রোযা রাখে শয়তানের সুর শোনা থেকে এবং ইফতার করে রহমানের বাণী শ্রবণ করে।

আর তিনি তার কান সম্পর্কে সেদিন কৈফিয়ত নেবেন, যেদিন মানব-দানবকে একত্রিত করবেন। মহান আল্লাহ বলেন,

(إِنَّ السَّمْعَ وَالْبَصَرَ وَالْفُؤَادَ كُلُّ أُولَئِكَ كَانَ عَنْهُ مَسْؤُوْلاً)

অর্থাৎ, কর্ণ, চক্ষু, হৃদয় -ওদের প্রত্যেকের বিষয়ে কৈফিয়ত তলব করা হবে।’’ (সূরা বানী ইসরাঈল ৩৬ আয়াত)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4046

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন